**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 17-04-2026**
**Time: 08:00-08:15 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) এডিসি নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে তিপরা মথা দল |**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এডিসি নির্বাচনে সাফল্যের জন্য তিপরা মথা দলের প্রতি শুভেচ্ছা জ্ঞাপন করেছেন |**

**(৩) এডিসি নির্বাচনে তিপরা মথা দলের বিপুল জয়ে নির্বাচক মন্ডলীকে অভিনন্দন জানিয়েছেন দলের প্রতিষ্ঠাতা প্রদ্যোৎ কিশোর দেববর্মা |**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দেশের নারী শক্তির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে আবারও মাতৃবন্দনা করেছেন |**

**(৫) মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি ঘোষণা করেছেন যে, হরমুজ প্রণালী বাণিজ্যিক জাহাজ চলাচলের জন্য সম্পূর্ণরূপে উন্মুক্ত।**

*************************************************************

**ADC Result-1 :**

ত্রিপুরা স্ব-শাসিত জেলা পরিষদ অর্থাৎএডিসি নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে তিপরা মথা দল| মোট ২৮টি আসনের মধ্যে তিপরা মথা দল ২৪টি আসনে জয়ী হয়েছে| ৪টি আসনে জয়ী হয়েছে বিজেপি| তিপরা মথার জয়ী প্রার্থীরা হলেন দামছড়া-জম্পুই আসনে তিপরা মথা প্রার্থী ভবরঞ্জন রিয়াং, করমছড়া আসনে রতিশ ত্রিপুরা, মনু-ছৈলেংটা হলিউড চাকমা, ডেমছড়া-কচুছড়া আসনে ধীরেন্দ্র দেববর্মা, গঙ্গানগর-গন্ডাছড়া আসনে ক্ষত্রজয় রিয়াং,

রাইমাভ্যালি-ধনঞ্জয় ত্রিপুরা, কুলাই-চাম্পাহাওর আসনে তিপরা মথার প্রার্থী রাজেশ্বর দেববর্মা জয়ী হয়েছেন। তাছাড়া, হালাহালি-আশারামবাড়ি আসনে প্রসমিত দেববর্মা, রামচন্দ্রঘাট আসনে জেমস দেববর্মা, মহারানীপুর-তেলিয়ামুড়ায় উৎপল দেববর্মা, সিমনা-তমাকারী-রবীন্দ্র দেববর্মা, বোধজংনগর-ওয়াকিনগর আসনে রুনেইল দেববর্মা জয়ী হয়েছেন| জিরানিয়া আসনে এডিসি চেয়ারম্যান তিপরা মথা প্রার্থী জগদীশ দেববর্মা পুনরায় জয়ী হয়েছেন| মান্দাইনগর-পুলিনপুর আসনে জয়ী হয়েছেন তিপরা মথা প্রার্থী জিতেন্দ্র দেববর্মা| তাছাড়া তিপরা মথা আরো জয়ী প্রার্থীরা হলেন পেকুয়ারজলা-জন্মেজয়নগর আসনে গীতা দেববর্মা, টাকারজলা-জম্পুইজলা আসনে সুরজ দেববর্মা, আমতলী-গোলাঘাটি-বুদ্ধ কুমার দেববর্মা। কিল্লা-বাগমা আসনে এডিসি'র মুখ্য নির্বাহী সদস্য তিপরা মথা প্রার্থী পূর্ণচন্দ্র জমাতিয়া পুনরায় জয়ী হয়েছেন| তিপরা মথা প্রার্থীদের মধ্যে কাঠালিয়া-মির্জা-রাজাপুর আসনে ডেভিড মুড়াসিং, মহারানী চেলাগাং-চন্দ্রকুমার জমাতিয়া জয়ী হয়েছেন| অম্পিনগর আসনে এডিসি'র কার্য নির্বাহী সদস্য কমল কলই পুনরায় জয়ী হয়েছেন| নতুনবাজার-মালবাসা আসনে সুজয় উচই, বীরচন্দ্রনগর-কলসি আসনে কেনারাম রিয়াং। পূর্ব মুহুরীপুর-ভুরাতলি আসনে তিপরা মথা প্রার্থী দেবজিৎ ত্রিপুরা জয়ী হয়েছেন|

*****************************

**ADC Result-2 :**

বিজেপি'র জয়ী প্রার্থীরা হলেন দশদা-কাঞ্চনপুর আসনে শৈলেন্দ্র নাথ। মাছমারা আসনে মঞ্জুরানী সরকার, ছামনু আসনে এসমাইল জয় ত্রিপুরা ও শিলাছড়ি-মনুবনকুল আসনে বিজেপি প্রার্থী কাংজাউং মগ জয়ী হয়েছেন।

*****************************

## ADC Result-Birchandranagar-Kalashi :

বীরচন্দ্রনগর-কলসি আসনে তিপরা মথা প্রার্থী কেনারাম রিয়াং ১৪ হাজার ৯৩৭টি ভোট পেয়ে জয়ী হয়েছেন| বিজেপি প্রার্থী সঞ্জীব রিয়াং পেয়েছেন ১১ হাজার ২৩৭টি ভোট। সিপিআইএম'এর নরেন্দ্র রিয়াং পেয়েছেন ৩ হাজার ৭0১টি ভোট| ন্যাশনাল পিপলস প্রার্থী অনন্ত রিয়াং ১৫২টি ভোট পেয়েছেন| কংগ্রেস প্রার্থী আব্রাহাম রিয়াং পেয়েছেন ৪২৭টি ভোট| আই.পি.এফ.টি'র জিতিরাম ত্রিপুরা পেয়েছেন ৭0৪টি ভোট| রাষ্ট্রীয় লোকদলের পূর্বজয় রিয়াং পেয়েছেন ২৮৮টি ভোট ও নির্দল প্রার্থী প্রবীন কুমার রিয়াং পেয়েছেন ২0১টি ভোট|

*****************************

## ADC Result-Purba Muhuripur :

পূর্ব মুহুরীপুর-ভুরাতলী আসনে চূড়ান্ত ফলাফল অনুযায়ী তিপরা মথা দলের দেবজিৎ ত্রিপুরা ১৬ হাজার ৭৮১টি ভোট পেয়ে জয়ী হয়েছেন| বিজেপি প্রার্থী অভিজিৎ ত্রিপুরা পেয়েছেন ৯ হাজার ৯৯0টি ভোট| সিপিআইএম প্রার্থী বার্জুং কুমার ত্রিপুরা পেয়েছেন ৬ হাজার ১৬0টি ভোট| কংগ্রেসের বিহান ত্রিপুরা পেয়েছেন ৬২৮টি ভোট| আই.পি.এফ.টি প্রার্থী সূচী মোহন ত্রিপুরা পেয়েছেন ৪৫৯টি ভোট|

*****************************

## ADC Result-Machmara :

মাছমারা আসনে বিজেপি প্রার্থী মঞ্জু রানী সরকার ১৩ হাজার ৭00 ভোট পেয়ে জয়ী হয়েছেন| এই আসনে তিপরা মথা প্রার্থী স্বপন কুমার চাকমা পেয়েছেন ৮ হাজার ৯৮১টি ভোট। ফরওয়ার্ড ব্লক প্রার্থী পরেশ চন্দ্র সরকার পেয়েছেন ১ হাজার ৫২২টি ভোট| কংগ্রেসের অর্জুন রায় পেয়েছেন ২ হাজার ৫0৩টি ভোট|

নির্দল প্রার্থী দেবেন্দ্র রিয়াং পেয়েছেন ১৬৭টি ভোট ও নির্দল প্রার্থী সুজিত সরকার পেয়েছেন ১ হাজার ১৩৭টি ভোট|

****************************

**ADC Result-Karamchara :**

করমছড়া আসনে তিপরা মথা প্রার্থী রতিশ ত্রিপুরা ১৪ হাজার ৩৪৮টি ভোট পেয়ে জয়ী হয়েছেন| বিজেপি প্রার্থী বিমল কান্তি চাকমা পেয়েছেন ১২ হাজার ৫৪৩টি ভোট| সিপিআইএম এর সাধন কুমার চাকমা পেয়েছেন ৫ হাজার ৬৩৬টি ভোট| কংগ্রেসের ধীরেন্দ্র দেববর্মা পেয়েছেন ১ হাজার ৯৫৭টি ভোট|

****************************

**ADC Result-Raimavelly :**

রাইমাভ্যালি আসনে তিপরা মথা প্রার্থী ধনঞ্জয় ত্রিপুরা ১১ হাজার ৬৫ ভোট পেয়ে জয়ী হয়েছেন| বিজেপি প্রার্থী সমীর রঞ্জন ত্রিপুরা পেয়েছেন ৯ হাজার ৬৫৪টি ভোট| সিপিআইএম এর সুমতি রঞ্জন চাকমা পেয়েছেন ৪ হাজার ৭৮৮টি ভোট| আই.পি.এফ.টি'র চরণবাসী ত্রিপুরা পেয়েছেন ২ হাজার ৭০ ভোট| কংগ্রেসের সুরেশ ত্রিপুরা পেয়েছেন ৩৭৩টি ভোট|

****************************

**ADC -Sepahijala:**

এডিসি নির্বাচনে সিপাহীজলা জেলার তিনটি আসনেই জয়ী হয়েছেন তিপরা মথা দলের প্রার্থীরা। পেকুয়ারজলা-জন্মেজয়নগর আসনে জয়ী হয়েছেন মথার প্রার্থী গীতা দেববর্মা। তার প্রাপ্ত ভোট ২২,৭০৭। তার নিকটতম প্রতিদন্ধী প্রার্থী বিজেপির মাজি দেববর্মা পেয়েছেন ১,৮৬৪ ভোট। টাকারজলা-জম্পুইজলা আসনে তিপ্রা মথা দলের প্রার্থী সুরজ দেববর্মার প্রাপ্ত ভোট ১৬,০৫৫। তার নিকটতম প্রতিদন্ধী বিজেপির নির্মল দেববর্মার প্রাপ্ত ভোট ১২১০। আমতলি-

গোলাঘাটি কেন্দ্রের তিপরা মথা প্রার্থী বুদ্ধ কুমার দেববর্মা জয়ী হয়েছেন। তার প্রাপ্ত ভোট ২৯,৭৯৪। তার নিকটতম প্রতিদন্ধী বিজেপির কানুরাজ দেববর্মা ২,৮২৮ ভোট পেয়েছেন।

*****************************

**ADC-Demchara-Kachuchara:**

এডিসি'র ডেমছড়া কচুছড়া আসনে তিপরা মথার প্রার্থী ধীরেন্দ্র দেববর্মা পেয়েছেন ১৭,৭২৬ ভোট| তার নিকটতম প্রতিদন্ধী বিজেপির বিপিন দেববর্মা পেয়েছেন ৮,৮২৪ ভোট| সিপিআইএম প্রার্থী বদর বম হালাম পেয়েছেন ২০১৮ ভোট|

*****************************

**Budhjung Nagar- Waki Nagar:**

বোধজং নগর ওয়াকি নগর আসনে তিপরা মথা প্রার্থী রুনিয়েল দেববর্মা ২০,০৫৫ ভোট পেয়েছেন| তার নিকটতম প্রতিদন্ধী বিজেপির রণবীর দেববর্মা পেয়েছেন ৩,৯৮৫ ভোট|

*****************************

**Simna-Tamakari:**

সিমনা তমাকরি আসনে বিজয়ী প্রার্থী তিপরা মথার রবীন্দ্র দেববর্মা ১৭,৮৬২ ভোট পেয়েছেন| তার নিকটতম প্রতিদন্ধী বিজেপি প্রার্থী ইন্দ্রজিৎ দেববর্মা পেয়েছেন ২,৩১৪ ভোট| সিপিআইএম প্রার্থী অমূল্য দেববর্মা পেয়েছেন ১০৪৫ ভোট|

*****************************

**ADC- Khowai :**

এডিসি নির্বাচনে খোয়াই জেলার তিনটি আসনেই বড় ব্যবধানে জয়ী হয়েছে তিপরা মথা দলের প্রার্থীরা। তেলিয়ামুড়া- মহারানীপুর আসনে তিপরা মথা দলের প্রার্থী উৎপল দেববর্মা পেয়েছেন ১৯,৩৯৩ টি ভোট। রাম চন্দ্র ঘাট আসনে তিপরা মথা দলের প্রার্থী জেমস্ দেববর্মা জয়ী হয়েছেন ১৮,১৮৭ টি ভোটের ব্যবধানে। জেমস্ দেববর্মা পেয়েছেন ২০ হাজার ৮৩৭ টি ভোট। আশারাম বাড়ী-হালহালি আসনে তিপরা মথা দলের প্রার্থী প্রশমিত দেববর্মা ১১৪৫৬ টি ভোটের ব্যবধানে জয়ী হয়েছেন। প্রশমিত দেববর্মা পেয়েছেন ১৭,৭৯৬ টি ভোট।

*****************************

**CM reaction-ADC:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এডিসি নির্বাচনে সাফল্যের জন্য তিপরা মথা দলের প্রতি শুভেচ্ছা জ্ঞাপন করেছেন| নির্বাচনের ফলাফল নিয়ে প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে তিনি বলেন, উন্নয়ন, ঐক্য এবং জনগণের প্রতি অঙ্গীকার অটল থাকবে বিজেপি দল ও সরকারের।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

*****************************

**Pradyut Reaction:**

এডিসি নির্বাচনে তিপরা মথা দলের বিপুল জয়ে নির্বাচক মন্ডলীকে অভিনন্দন জানিয়েছেন দলের প্রতিষ্ঠাতা প্রদ্যোৎ কিশোর দেববর্মা| তিনি বলেন, এডিসি এলাকার জনগনের বিপুল সমর্থনের কারনেই তিপরা মথা দল পুনরায় এডিসিতে ক্ষমতায় এসেছে|

*****************************

**Reaction of Ratan lal Nath:**

এডিসি নির্বাচনের ফলাফল নিয়ে প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন কৃষিমন্ত্রী রতনলাল নাথ| তিনি বলেন, জনগনের রায় সর্বশ্রেষ্ঠ|

*****************************

**PM- NARI-SHAKTI:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দেশের নারী শক্তির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে আবারও মাতৃবন্দনা করেছেন| আজ সামাজিক মাধ্যমে একটি ‘সুভাষিতম’ শেয়ার করে তিনি লিখেন, ভারতের মায়েরা, বোনেরা এবং কন্যারা তাঁদের অটুট সংকল্প, নিষ্ঠা এবং সেবার মাধ্যমে আজ প্রতিটি ক্ষেত্রে দেশের গৌরব বৃদ্ধি করছেন।

প্রধানমন্ত্রী শ্রী দুর্গাসপ্তশতীর চতুর্থ অধ্যায়ের (শাকম্ভরী স্তুতি) একটি শ্লোক উল্লেখ করেন|

এই শ্লোকের তাৎপর্য ব্যাখ্যা করে তিনি লেখেন, দেবী তাঁর নিজস্ব শক্তি দিয়ে এই ব্রহ্মাণ্ড রচনা করেছেন। তিনি সমস্ত দেবতাদের সম্মিলিত শক্তির স্বরূপ হিসেবে অবতীর্ণ হয়েছেন। প্রধানমন্ত্রী আরও উল্লেখ করেন, "মা-এর আরাধনা সমস্ত দেবতা এবং মহান ঋষিরা সমানভাবে করেন এবং তাঁর চরণে আমরা ভক্তিভরে প্রণাম জানাই। সেই দেবী যেন আমাদের ওপর সর্বদা মঙ্গল আশীর্বাদ বর্ষণ করেন।"

উল্লেখ্য, এই শ্লোকটি দেবীর সর্বব্যাপী ও শক্তিস্বরূপা রূপের স্তুতি করে। হিন্দু শাস্ত্রমতে, এই স্তোত্র পাঠে জ্ঞান, বল এবং মানসিক শক্তি বৃদ্ধি পায়। প্রধানমন্ত্রী মোদীর এই বার্তা আজ দেশের নারী শক্তির ক্ষমতায়নের প্রতি তাঁর দৃষ্টিভঙ্গিকে আরও একবার স্পষ্ট করে তুলেছে।

******************************

**Hormuz:**

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি ঘোষণা করেছেন যে, হরমুজ প্রণালী বাণিজ্যিক জাহাজ চলাচলের জন্য সম্পূর্ণরূপে উন্মুক্ত। সামাজিক যোগাযোগ মাধ্যমে দেওয়া এক পোস্টে আরাঘচি জানান, লেবাননে ঘোষিত যুদ্ধবিরতি অনুযায়ী প্রণালীটি দিয়ে সমস্ত বাণিজ্যিক জাহাজের যাতায়াত সম্পূর্ণ উন্মুক্ত।

******************************

**TRIPURA ENTRANCE:**

ত্রিপুরা বোর্ড অফ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন পরিচালিত এ বছরের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা আগামী ২২ শে এপ্রিল অনুষ্ঠিত হবে। এ বছর মোট ৪,৭৩১ পরীক্ষার্থী রাজ্যের ১৫টি কেন্দ্রে পরীক্ষায় বসার জন্য আবেদন করেছে, এদের মধ্যে ২,০৮৬ জন ছাত্র এবং ২,৬৪৫ জন ছাত্রী।

আবেদনকারী ছাত্র-ছাত্রীদের মধ্যে ৬০৪ জন পিসিএম গ্রুপের জন্য, ২,৬৬৬ জন পিসিবি গ্রুপের জন্য এবং ১,৪৬১ জন উভয় গ্রুপের জন্য আবেদন করেছে। পশ্চিম ত্রিপুরা জেলায় আটটি পরীক্ষা কেন্দ্র এবং বাকি সব জেলাতে একটি করে পরীক্ষা কেন্দ্র রাখা হয়েছে। ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স বোর্ড সুত্রে আজ এ খবর জানানো হয়েছে।

*****************************

## Sadhana Saptaho Award:

মিশন কর্মযোগীর অধীনে অনুষ্ঠিত 'সাধনা সপ্তাহ ২০২৬'-এ এক লক্ষের কম কর্মীসংখ্যা বিশিষ্ট রাজ্যগুলির মধ্যে প্রথম স্থান অধিকার করেছে ত্রিপুরা। আজ দিল্লিতে জন অভিযোগ নিষ্পত্তি দপ্তর থেকে এই পুরস্কার গ্রহন করেন রাজ্য সরকারের সচিব অপূর্ব রায়। রাজ্য প্রশাসন সূত্রে খবর, ডিজিটাল শিক্ষা ও সক্ষমতা বৃদ্ধির ক্ষেত্রে সাফল্যের জন্য এই পুরস্কার দেওয়া হয়েছে।

*****************************

## Harivansh-Elected-Deputy-Chair:

হরিবংশ নারায়ণ সিংহ টানা তিনবার রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হলেন। বিরোধী দলগুলি কোনও প্রার্থী না দেওয়ায় তিনি বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যানকে অভিনন্দন জানিয়েছেন|

*****************************

## Amit Shah:

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন যে, সংবিধানে আসন পুনর্নির্ধারণের বিধান রাখা হয়েছে এবং এর ফলে প্রতিটি নির্বাচনী এলাকায় ভোটারদের যৌক্তিকীকরণ হবে। তিনি বলেন, আসন পুনর্নির্ধারণ প্রক্রিয়ার ফলে তফসিলি

জাতি ও তফসিলি উপজাতিদের জন্য আসনের সংখ্যা বাড়ে এবং যারা এই পুনর্নির্ধারণ প্রক্রিয়ার বিরোধিতা করছেন, তারা আসলে তফসিলি জাতি ও তফসিলি উপজাতিদের জন্য আসন সংখ্যা বৃদ্ধিরই বিরোধিতা করছেন।

লোকসভায় সংবিধান (একশো একত্রিশতম সংশোধনী) বিল, ২০২৬, সীমানা নির্ধারণ বিল, ২০২৬ এবং কেন্দ্রশাসিত অঞ্চল আইন (সংশোধনী) বিল, ২০২৬-এর উপর আলোচনার জবাবে শ্রী শাহ এই কথা বলেন। তিনি বলেন, এই বিলগুলোর উদ্দেশ্য হলো ২০২৯ সালের লোকসভা নির্বাচনে মহিলাদের জন্য আসন সংরক্ষণ নিশ্চিত করা।

*****************************

## T-20 Cricket:

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সমীরণ চক্রবর্তী স্মৃতি ঘরোয়া টি-২০ ক্রিকেট প্রতিযোগিতার আজ চারটি খেলা হয়। এম বি বি স্টেডিয়ামে দুটি খেলায় মৌচাক ক্লাব ৬৭ রানে ইউনাইটেড বি এস টিকে এবং কসমোপলিটন ক্লাব ২১ রানে চলমান সংঘকে পরাজিত করে। এছাড়া নরসিংগড়ের পিটিএ মাঠে দুটি খেলায় সংহতি ক্লাব ৪ উইকেটে ইউনাইটেড ফ্রেন্ডসকে এবং ব্লাড মাউথ ক্লাব ৮৫ রানে বনমালিপুর ক্রিকেট ক্লাবকে হারিয়ে দেয়।

*****************************

## Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস।

*****************************

*****************************